ঝিনাইদহে ভিটামিন এ প্লাস ক্যাম্পেইনের উদ্বোধন

সারাদেশের ন্যায় ঝিনাইদহেও শুরু হয়েছে ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন। পক্ষকাল ব্যাপী চলমান এ ক্যাম্পেইন রোববার সকালে শহরের পুরাতন হাসপাতাল চত্বরে শুভ উদ্বোধন ঘোষণা করেন জেলা প্রশাসক সরোজ কুমার নাথ।

এসময় উপস্থিত ছিলেন সিভিল সার্জন ডা: সেলিনা বেগম, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা বদরুদ্দোজা শুভ, সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: সাজ্জাত হাসান সহ অন্যান্যরা। এ ক্যাম্পেইন চলবে আগামী ১৭ অক্টোবর পর্যন্ত।

জেলা স্বাস্থ্য বিভাগ জানায়, এ বছর জেলার ৬টি উপজেলায় মোট ১ হাজার ৮’শ ৮৫ টি কেন্দ্রের মাধ্যমে ৬ থেকে ১১ মাস বয়সী ২৫ হাজার ৬’শ ৪৬ শিশুকে নীল রংয়ের এবং ১২ মাস হতে ৫৯ মাস বয়সী শিশুকে লাল রংয়ের ভিটামিন ‘এ’ ক্যাপসুল খাওয়ানো হবে।

কালীগঞ্জ উপজেলা ব্যবসায়ী মালিক সমিতির সাধারণ সভা

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলা ব্যবসায়ী মালিক সমিতির আহবায়ক কমিটির সাধারণ সভা ও করোনায় ব্যবসায়ীদের সুরক্ষা নিয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার সমিতির নিজস্ব কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়।
ইমদাদুল ইসলাম ইনতার সভাপতিত্বে ব্যবসায়ীদের স্বার্থ সংশ্লিষ্ট বিষয় নিয়ে সংগঠনের আহবায়ক কমিটির নেতৃবৃন্দ ও ব্যবসায়ীরা মতবিনিময় করেন। এসময় আলোচনা করেন আব্দুল হান্নান, শফিকুল ইসলাম, জহুরুল হক, আব্দুল গফফার, টিপু সুলতান, মাহবুব হাসান, মাওলানা মাসুম বিল্লাহ। বক্তারা সংগঠনের নিতীমালা, কার্যক্রম সহ বিভিন্ন

বিষয় নিয়ে আলোচনা করেন। এ সময় উপস্থিত ছিলেন উত্তরা মটরস এর সেলিম রেজা, আনিচ টেইলার্সের সত্বাধিকারী আনিচুর রহমান, রাজটিক ফ্যাশানের মোসলেম উদ্দিন, হুন্ডা পার্কের জামান হোসেন, আয়েশা ট্রেডার্সের সাহেদ কবির লিমন, হাবিব হার্ডওয়্যার এর আব্দুর রউফ সহ কালীগঞ্জ বাজারের সর্বস্তরের ব্যবসায়ীরা। এসময় উপস্থিত ব্যবসায়ীরা নির্বাচনের মাধ্যমে ব্যবসায়িক নেতা নির্বাচনের জন্য আহবান জানান এবং সংগঠনকে শক্তিশালী করার দৃঢ় প্রতিশ্রুতি ব্যাক্ত করেন।

কালীগঞ্জ উপজেলা ব্যবসায়ী মালিক সমিতির সাধারণ সভা অনুষ্ঠিত

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলা ব্যবসায়ী মালিক সমিতির আহবায়ক কমিটির সাধারণ সভা ও করোনায় ব্যবসায়ীদের সুরক্ষা নিয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। সংগঠনের কার্যালয়ে ইমদাদুল ইসলাম ইনতার সভাপতিত্বে ব্যবসায়ীদের স্বার্থ সংশ্লিষ্ট বিষয় নিয়ে সংগঠনের আহবায়ক কমিটির নেতৃবৃন্দ ও ব্যবসায়ীরা মতবিনিময় করেন। এসময় আলোচনা করেন আব্দুল হান্নান, শফিকুল ইসলাম, জহুরুল হক, আব্দুল গফফার, টিপু সুলতান, মাহবুব হাসান, মাওলানা মাসুম বিল্লাহ।

বক্তারা সংগঠনের নিতীমালা, কার্যক্রম সহ বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। এ সময় উপস্থিত ছিলেন উত্তরা মটরস এর সেলিম রেজা, আনিচ টেইলার্সের সত্বাধিকারী আনিচুর রহমান, রাজটিক ফ্যাশানের মোসলেম উদ্দিন, হুন্ডা পার্কের জামান হোসেন, আয়েশা ট্রেডার্সের সাহেদ কবির লিমন, হাবিব হার্ডওয়্যার এর আব্দুর রউফ সহ কালীগঞ্জ বাজারের সর্বস্তরের ব্যবসায়ীরা। এসময় উপস্থিত ব্যবসায়ীরা নির্বাচনের মাধ্যমে ব্যবসায়িক নেতা নির্বাচনের জন্য আহবান জানান এবং সংগঠনকে শক্তিশালী করার দৃঢ় প্রতিশ্রুতি ব্যাক্ত করেন।

কোটচাঁদপুরে শিক্ষা প্রতিষ্ঠানের একাডিমিক ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করলেন এমপি-চঞ্চল

‘সরকারি কলেজ সমূহে বিজ্ঞান শিক্ষার সুযোগ সম্প্রসারণ প্রকল্প’- এর অধিনে ঝিনাইদহের কোটচাঁদপুর সরকারি কে.এম.এইচ কলেজের নতুন ৬ তলা বিজ্ঞান ভবন ও উপজেলার সাপদারপুর ডি.ইউ আলিম মাদ্রাসার ৪ তলা নতুন একাডিমিক ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়েছে।

রবিবার বেলা ১১ টার দিকে ঝিনাইদহ-৩ আসনের সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খাঁন চঞ্চল প্রধান অতিথি হিসেবে উপস্থিত খেকে নতুন ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। এ উপলক্ষে কলেজ প্রাঙ্গনে আয়োজিত এক অনুষ্ঠানে সরকারি কে.এম.এইচ কলেজের অধ্যক্ষ প্রফেসর অনুতোষ কুমারের সভাপতিত্বে ভিত্তিপ্রস্তর অনুষ্ঠানে সূচনা বক্তব্য রাখেন, কলেজের উপাধ্যক্ষ রেজাউর রহমান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপন, থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম, পৌর মেয়র জাহিদুল ইসলাম, উপজেলা আ.লীগের সাধারণ সম্পাদক শাহাজান আলী, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন ফারুক।

কলেজের সহযোগী অধ্যাপক হাবিবুর রহমানের সঞ্চালনায় এছাড়াও উপস্থিত ছিলেন, উপজেলা আওয়ামীলীগ সহ-সভাপতি নূরুল ইসলাম খাঁন বাবুল, পৌর আ.লীগের আহ্বায়ক ফারজেল হোসেন মন্ডল, যুগ্ন-আহ্বায়ক সহিদুজ্জামান সেলিম, সাবদারপুর ইউপি চেয়ারম্যান নওশের আলী নাসির, এলাঙ্গী ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান, কুশনা ইউপি চেয়ারম্যান আব্দুল হান্নান। অনুষ্ঠানে ছাত্র প্রতিনিধির পক্ষে বক্তব্য রাখেন ইয়ামিন হোসেন। এবং মানপত্র পাঠ করেন কলেজের অধ্যাপক আরতী রানী।

আলোচনা সভা শেষে সংসদ সদস্য এ্যাডঃ শফিকুল আজম খাঁন চঞ্চল কলেজের নতুন ৬ তলা ভবনের ভিত্তিপ্রস্থর স্থাপন করেন। পরে তিনি

উপজেলার সাবদারপুর ডি.ইউ আলিম মাদ্রাসার ৪ তলা একাডিমক ভবনের ভিত্তিপ্রস্থর স্থাপন করেন।

কুষ্টিয়া জেলা তাতীলীগের উদ্যোগে কর্মী সম্মেলন অনুষ্ঠিত

কুষ্টিয়া জেলা তাতীলীগের উদ্যোগে কর্মী সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

রোববার দুপুরে শহরের খেয়া রেস্তোরাঁয় অনুষ্ঠিত সম্মেলনে প্রধান অতিথির বক্তব্য রাখেন বাংলাদেশ তাঁতীলীগ কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটির সভাপতি ইঞ্জিনিয়ার মোঃ শওকত আলী।

এ সময় তিনি বলেন, তাঁতি পরিবারকে স্বনির্ভর করতে সচেতন করা এবং তাঁতশিল্পকে লাভজনক খাতে রূপান্তরে যুগোপযোগী কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করতেই তাতীলীগের মুল লক্ষ্য।

তাঁতমালিক, শ্রমিক ও তাঁতিসমাজের স্বার্থরক্ষায় আগ্রহী ব্যক্তিদের সংগঠিত করা তাঁতী লীগের অন্যতম লক্ষ্য উল্লেখ করে তিনি আরও বলেন, আধুনিক প্রযুক্তির মাধ্যমে উৎপাদিত তাঁতবস্ত্রের গুণগত মান বৃদ্ধি করে প্রতিযোগিতা বাজারে টিকিয়ে রাখা। তাঁতবস্ত্রের ন্যায্যমূল্য নির্ধারণ করে দেশের ভেতরে ও বহির্বিশ্বে বাজার সৃষ্টি। রপ্তানিনির্ভর জাতীয় বস্ত্রনীতি প্রণয়নে সরকারকে প্রভাবিত করা। তাঁতী লীগের প্রতিনিধিত্ব নিশ্চিত এবং তাঁতিদের মৌলিক অধিকারগুলো প্রাপ্তির লক্ষ্যে আমরা নিরলসভাবে কাজ করে যাচ্ছি। তাই বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুব উল আলম হানিফ এর জেলা কুষ্টিয়ায় তাঁতীলীগকে আরও সুসংগঠিত করতে ঐক্যবদ্ধ হয়ে কাজ করতে হবে।

অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথির বক্তব্য রাখেন, কুষ্টিয়া সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান সমিতির সাধারণ সম্পাদক আতাউর রহমান আতা।

তাতীলীগ কুষ্টিয়া জেলা শাখার আহ্বায়ক মোঃ রুহুল আমিনের

সভাপতিত্বে ও সদস্য সচিব হারুন অর রশীদের পরিচালনায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন বাংলাদেশ তাঁতী লীগ কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক শ্রী খগেন্দ্রনাথ দেবনাথ, সহ-সভাপতি অ্যাডভোকেট নিজামুল হক চুন্নু, তাতীলীগ কুষ্টিয়া জেলা শাখার সিনিয়র যুগ্ম আহ্বায়ক সরোয়ার হোসেন, যুগ্ন আহবায়ক শহিদুল ইসলাম, বিপুল হোসেন, আবু হাসান লিটন প্রমুখ। কর্মীসভায় সকল উপজেলার নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে জাতীয় উৎপাদনশীলতা দিবস পালিত

ঝিনাইদহে জাতীয় উৎপাদনশীলতা দিবস পালিত হয়েছে ‘জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে উৎপাদনশীলতা’ এই প্রতিপাদ্যকে সামনে রেখে জেলা প্রশাসনের আয়োজনে রোববার সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়। জেলা প্রশাসক সরোজ কুমার নাথ এর সভাপতিত্বে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) সেলিম রেজা, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) আরিফ-উজ-জামান, ঝিনাইদহ বিসিকের উপ-ব্যবস্থাপক সেলিনা রহমান, বিসিক শিল্প মালিক সমিতির সভাপতি আকরাম হোসেন, ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান প্রমূখ বক্তব্য রাখেন। আলোচনা সভায় ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তারা অংশ অংশগ্রহন করেন।

বক্তারা দেশের উৎপাদনশীলতার সক্ষমতা বাড়াতে জেলা পর্যায়ের শিল্পউদ্যোক্তাদের সহজ শর্তে ঋণ ও বিসিকের উন্নয়নে কাজ করার জন্য সরকারের প্রতি আহ্বান জানান।

ঝিনাইদহে ভিটামিন এ প্লাস ক্যাম্পেইনের উদ্বোধন

সারাদেশের ন্যায় ঝিনাইদহেও শুরু হয়েছে ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন। রোববার সকালে শহরের পুরাতন হাসপাতাল চত্বরে এই ক্যাম্পেইনের উদ্বোধন ঘোষণা করেন জেলা প্রশাসক সরোজ কুমার নাথ। এসময় উপস্থিত ছিলেন সিভিল সার্জন ডা: সেলিনা বেগম, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা বদরুদ্দোজা শুভ, সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: সাজ্জাত হাসান সহ অন্যান্যরা।

জেলা স্বাস্থ্য বিভাগ জানায়, এ বছর জেলার ৬টি উপজেলায় মোট ১ হাজার ৮’শ ৮৫ টি কেন্দ্রের মাধ্যমে ৬ থেকে ১১ মাস বয়সী ২৫ হাজার ৬’শ ৪৬ শিশুকে নীল রংয়ের এবং ১২ মাস হতে ৫৯ মাস বয়সী শিশুকে লাল রংয়ের ভিটামিন ‘এ’ ক্যাপসুল খাওয়ানো হবে।

গাংনীতে জাতীয় ভিটামিন “এ” প্লাস ক্যাম্পেইন এর উদ্বোধন

মেহেরপুরের গাংনীতে জাতীয় ভিটামিন “এ” প্লাস ক্যাম্পেইনের উদ্বোধন করা হয়েছে। রবিবার সকাল সাড়ে ৮ টার সময় উপজেলার কসবা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ভিটামিন “এ” প্লাস ক্যাম্পেইনের উদ্বোধন করেন উপজেলা নির্বার্হী অফিসার আরএম সেলিম শাহনেওয়াজ।

এসময় গাংনী উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ড.এম রিয়াজুল আলম,স্বাস্থ্য কমপ্লেক্সের আর এমও ডা. সাদিয়া সুলতানা,এমটিইপিআই আব্দুর রশিদ,স্বাস্থ্য সহকারি আব্দুল হান্নান উপস্থিত ছিলেন। স্বাস্থ্য বিধি মেনে চার অক্টোবর থেকে পক্ষকাল ব্যাপী এ

কার্যক্রম চলবে। উপজেলার পৌর সভা ও ৯ টি ইউনিয়নে ৬-১১ মাস বয়সী ৩৮৪১ জন শিশু এবং ১২-৫৯ মাস বয়সের ৩০২৬২ শিশুকে জাতীয় ভিটামিন ‘ ‘এ” ক্যাপসুল খাওয়ানো হবে। এতে ২৭ জন তত্বাবধানকারি এবং ৪৩৪ জন স্বেচ্ছাসেবী কাজ করছে। স্ব-স্ব এলাকার সর্বসাধারণকে তাদের শিশুদের ভিটাডিমন “এ” ক্যাপসুল খাওয়ানোর অনুরোধ জানিয়েছেন স্বাস্থ্য বিভাগ।

গাংনীতে প্রবাসীর স্ত্রীকে ভাগিয়ে বিয়ে করলেন ব্যবসায়ি পিপিন

পরোকীয়ার সম্পর্কের জেরে এক প্রবাসীর স্ত্রীকে ভাগিয়ে বিয়ে করেছেন গাংনীর শ্যামলী বুক ল্যান্ডের স্বত্ত্বাধীকারী আতিয়ার রহমানের ছেলে কোমল পানীয় ব্যবসায়ি আরাফাত রহমান পিপিন। সপ্তাহ খানেক আগে ওই গৃহবধুকে নিয়ে পালিয়ে যায়। এ ব্যাপারে প্রবাসীর ভাই ফিরোজ বাদী হয়ে গাংনী থানায় একটি অভিযোগ দায়ের করে।

মামলার বিবরণে জানা যায়, গাংনী বাজারের শহিদুল ইসলামের ছেলে ফাইজুর রহমান বাবু বছর তিনেক আগে মালেশিয়াতে যায়। বাড়িতে রেখে যান স্ত্রী ও তিন পুত্র সন্তান। স্বামীর অনুপস্থিতিতে কোমল পানীয় ব্যবসায়ি আরাফাত রহমান পিপিনের সাথে। শেষ পর্যন্ত বিয়ে করার সিদ্ধান্ত নেয় তারা। সপ্তাহ খানেক আগে ওই প্রবাসীর স্ত্রী স্বামীর ৫ লাখ টাকা ও তিন ভরি সোনার গহনা নিয়ে পালিয়ে যায়। এ ব্যাপারে ফাইজুর রহমান বাবুর ভাই ফিরোজ বাদী হয়ে গাংনী থানায় একটি অভিযোগ দায়ের করেন।

গাংনী থানার এএসআই আহসান হাবিব উভয় পক্ষকে ডেকে সালিশ করেন। এসময় সকলের সম্মতিক্রমে প্রাক্তন স্বামীর দেয়া নগদ দু’লাখ টাকা, একভরি গহনা ও এক শতক জমি ফেরত দেয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সালিশে গাংনী পৌরসভার প্যানেল মেয়র নবীর উদ্দীনসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিগন উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, কোমল পানীয় ব্যবসায়ি আরাফাত রহমান পিপিনের ঘরে দুটি সন্তান রয়েছে। প্রথম স্ত্রীর লিখিত অনুমতি না নিয়ে দ্বিতীয় বিয়ে কেন করেছেন? তার কোন জবাব দেননি আরাফাত রহমান পিপিন।

আকতারুজ্জামান
মেহেরপুর
০১৭১৩৯১৪১৭৪

গাংনীতে মাদক ব্যবসায়ি আটক

মথুরা দাস(৩৮) নামের এক খুচরা গাঁজা বিক্রেতাকে আটক করেছে মেহেরপুর জেলা মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। রোববার সকালে মথুরাকে তার নিজ বাড়ি ষোলটাকা ইউনিয়নের শিমুলতলা গ্রাম থেকে আটক করা হয়। মথুরার পিতার নাম স্বর্গীয় কানাই দাস। তাকে গাংনী থানায় মামলাসহ সোপর্দ করা হলে পুলিশ ওই মামলায় গ্রেপ্তার দেখিয়ে মেহেরপুর আদালতে প্রেরণ করে।

গাংনী থানার ডিউটি অফিসার সুধাংশু হালদার জানান, মথুরা দাস নিয়মিত গাঁজা বিক্রি করতো। মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ভারপ্রাপ্ত পরিদর্শক রফিকুল ইসলাম মাদক কেনার কথা বলে তার বাড়িতে গিয়ে কৌশলে আটক করে। তার কাছ থেকে উদ্ধার করা হয় ১০০ গ্রাম গাঁজা।